দৈনিক সুখনীড় সমাচার

সত্য প্রকাশে আপোষহীন (কমিটির অনুমোদনক্রমে)

ঢাকা · সুখনীড় টাওয়ার বর্ষ ১ · সংখ্যা ১৪ মূল্য: বিনামূল্যে, তবে সার্ভিস চার্জ বকেয়া

প্রধান সংবাদ

ভবনের জন্মদিন ঘোষণা, তারিখ মিলে গেছে সভাপতির জন্মদিনের সঙ্গে

দারোয়ান, গেট প্রতিনিধি · শনিবার, ২৪ অক্টোবর ২০২৬ · ২০:০০

৬ নভেম্বর "সুখনীড় দিবস" পালনের ঘোষণা দিয়েছেন সমিতির সভাপতি আনোয়ার চৌধুরী (৬২)। একই দিন তার জন্মদিন।

তিনি জানান, তারিখটি তিনি গতকাল নির্ধারণ করেছেন। ভবন কবে নির্মিত হয়েছিল, জানতে চাইলে তিনি বলেন, দলিল আলমারিতে আছে, চাবি তার কাছে, খোঁজার ইচ্ছা হয়নি।

অনুষ্ঠানের ব্যয় মেটানো হবে বিবাহ স্থগিত বাস্তবায়ন কমিটির তহবিল, আজীবন সদস্য করিম বক্সীর (৫৫) জমা দেওয়া উপহারের খাম এবং নতুন উদযাপন চার্জ থেকে। চার্জটি এককালীন এবং মাসিক।

ভবন ব্যবস্থাপক বাতেনের (৪০) তৈরি অনুষ্ঠানসূচিতে উদ্বোধনী, মূল ও সমাপনী বক্তা সভাপতি।

ব্যানারের খসড়ায় লেখা হয়েছে "সুখনীড় দিবস ও সভাপতির জন্মদিন"। সভাপতি জানান, তিনি এতে কিছু বলেননি।

প্রতিবেদন

শীতে বিদ্যুৎ বিল কমবে, তাই সার্ভিস চার্জ বাড়ল

রহিমা বুয়া, প্রধান প্রতিবেদক · রবিবার, ২৫ অক্টোবর ২০২৬ · ২০:০০

শীতে রাতে ফ্যান কম চলায় বাসিন্দাদের বিদ্যুৎ বিল কমবে উল্লেখ করে "শীতকালীন সমন্বয়" নামে সার্ভিস চার্জ বাড়িয়েছেন সমিতির কোষাধ্যক্ষ আব্দুল মান্নান (৫২)।

তার ব্যাখ্যা, বাসিন্দারা টাকা এমনিতেই বাঁচাচ্ছেন, তাই বাড়তি চার্জে তাদের পকেট থেকে কিছু যাচ্ছে না। বাঁচানো টাকা নষ্ট করা যায় না বলেও তিনি জানান।

আজীবন সদস্য করিম বক্সী (৫৫) ব্যাখ্যা শুনে নতুন হারে অগ্রিম চার্জ পরিশোধ করেছেন।

চার্জ কখন কমবে, এমন প্রশ্নে কোষাধ্যক্ষ জানান, বসন্তে বিবেচনা করা হবে।

প্রতিবেদন

সুখনীড় দিবসের স্বেচ্ছাসেবক প্রধান নিযুক্ত, দলের একমাত্র সদস্যও তিনি

দারোয়ান, গেট প্রতিনিধি · সোমবার, ২৬ অক্টোবর ২০২৬ · ২০:০০

সুখনীড় দিবস উপলক্ষে স্বেচ্ছাসেবক প্রধান নিযুক্ত হয়েছেন আজীবন সদস্য করিম বক্সী (৫৫)। ভবন ব্যবস্থাপকের খাতা অনুযায়ী দলে আর কোনো সদস্য নেই।

প্রথম দিনেই তিনি লিফট বন্ধ থাকায় সিঁড়ি দিয়ে চেয়ারগুলো ছাদে তোলেন। তহবিলের অর্থ আসতে দেরি হওয়ায় কেকের অগ্রিমও তিনি নিজে পরিশোধ করেন।

তাকে দেওয়া কাগজের ব্যাজে লেখা "স্বেচ্ছাসেবক"। "প্রধান" শব্দটি জায়গার অভাবে লেখা যায়নি।

ব্যাজটি তিনি রাতেও খোলেননি।

প্রতিবেদন

টেস্টের প্রথম দিন পুরো ভবন সভাপতির ঘরে, নিচতলার ক্যামেরা ছিল দেয়ালের দিকে

দারোয়ান, গেট প্রতিনিধি · বুধবার, ২৮ অক্টোবর ২০২৬ · ২০:০০

মিরপুরে বাংলাদেশ-ওয়েস্ট ইন্ডিজ প্রথম টেস্টের প্রথম দিন ভবনের প্রায় সব বাসিন্দা খেলা দেখেছেন সভাপতির বসার ঘরে। জেনারেটর চলে শুধু সপ্তম তলায়।

ওই সময় নিচতলার অষ্টম সিসিটিভি ক্যামেরাটি তাক করা ছিল একটি দেয়ালের দিকে। ডিজেলের ড্রাম সরানোর পর থেকে ক্যামেরাটি সেভাবেই আছে।

দুপুরের আগে ওপরতলা থেকে "আউট" চিৎকার শোনা যায়। কোন খেলোয়াড় আউট হয়েছেন, ক্যামেরার ফুটেজে তা জানার উপায় নেই।

ভবনের নিরাপত্তাকর্মী জানান, ওপরে নেওয়া চায়ের ট্রেতে নয়টি কাপ ছিল, পৌঁছেছে আটটি। ক্যামেরায় তা ধরা পড়েনি।

সভাপতি আনোয়ার চৌধুরী (৬২) বলেছেন, দিনটিতে কোনো চুরি হয়নি। দেয়ালটি যথাস্থানে আছে।

প্রতিবেদন

চল্লিশ লাইনের কবিতা উপকমিটি পেরিয়ে এক শব্দ, ব্যানারে ঠাঁই

রহিমা বুয়া, প্রধান প্রতিবেদক · বৃহস্পতিবার, ২৯ অক্টোবর ২০২৬ · ২০:০০

সুখনীড় দিবস উপলক্ষে চল্লিশ লাইনের একটি কবিতা জমা দিয়েছিলেন ষষ্ঠ তলার বাসিন্দা শাহেদ (৩৪)। সাংস্কৃতিক উপকমিটির সদস্য সভাপতি আনোয়ার চৌধুরী (৬২) ও ভবন ব্যবস্থাপক বাতেন (৪০)।

প্রথম দিনে কবিতাটি দুই লাইনে নামিয়ে আনা হয়। দ্বিতীয় দিনে চাবি প্রসঙ্গ থাকায় দ্বিতীয় লাইন বাদ যায়। তৃতীয় দিনে লিফট প্রসঙ্গ "অভিযোগের মতো শোনায়" বলে প্রথম লাইনও বাদ দেওয়া হয়।

কবিতার শিরোনাম "সুখনীড়" ব্যানারে ছাপা হয়েছে, সভাপতির ছবির নিচে ছোট অক্ষরে।

কবি জানিয়েছেন, তার পুরো কবিতাই ব্যানারে উঠেছে।

সংক্ষিপ্ত সংবাদ

বিয়ে ভাঙার পর কুশল জানতে চাইছেন আত্মীয়রা, সম্মতি জানতে চাননি আগে

শনিবার, ২৪ অক্টোবর ২০২৬ · ১২:৩০

বিয়ে ভেঙে যাওয়ার পর আত্মীয়রা ফোন করে তার খোঁজ নিচ্ছেন বলে জানিয়েছেন তৃতীয় তলার বাসিন্দা তানিয়া (২২)।

বিয়ে ঠিক হওয়ার সময় তিনি রাজি কিনা, তা কেউ জানতে চাননি বলে তিনি উল্লেখ করেন।

মেট্রোরেল সমিতি চালালে টিকিট থাকত না, থাকত মাসিক চার্জ: পঞ্চম তলার বাসিন্দা

রবিবার, ২৫ অক্টোবর ২০২৬ · ১২:৩০

মেট্রোরেল সমিতির হাতে থাকলে টিকিটের বদলে মাসিক মেট্রো চার্জ নেওয়া হতো বলে মনে করেন পঞ্চম তলার বাসিন্দা মকবুল হোসেন (৪৮)। ট্রেনের সময়সূচিতে লেখা থাকত "যথাসময়ে"।

তিনি নিজে চার্জ দিতেন না বলে জানান। কারণ হিসেবে বলেছেন, তিনি ল্যান্ড ওনার।

বিশ বছরে কেউ জানতে চাননি প্রিয় খাবার, এখন ভুলে গেছেন গৃহিণী

সোমবার, ২৬ অক্টোবর ২০২৬ · ১২:৩০

বিয়ের আলোচনায় পাত্রের পেশা নিয়ে প্রশ্ন হয়, কনের পছন্দের খাবার নিয়ে হয় না বলে মন্তব্য করেছেন পঞ্চম তলার গৃহিণী রোকসানা (৪৩)।

বিশ বছরে তাকে কেউ এ প্রশ্ন করেননি। উত্তরটি এখন তার নিজেরও মনে নেই বলে তিনি জানান।

টেস্ট ম্যাচ সমিতি চালালে দ্বাদশ খেলোয়াড় হতেন আজীবন সদস্য

মঙ্গলবার, ২৭ অক্টোবর ২০২৬ · ১২:৩০

টেস্ট ক্রিকেট সমিতি পরিচালনা করলে তাকে দ্বাদশ খেলোয়াড় করা হতো বলে মনে করেন আজীবন সদস্য করিম বক্সী (৫৫)। দায়িত্ব হতো পানি টানা ও চাঁদা দেওয়া।

জার্সি পেতেন না বলেও তিনি জানান। জার্সি থাকত কমিটির।

"বিয়ে সমিতি চালালে…" লিখতে গিয়ে প্রবীণ বাসিন্দার মনে পড়ল, চালিয়েছিল

বুধবার, ২৮ অক্টোবর ২০২৬ · ১২:৩০

বিয়ে সমিতি পরিচালনা করলে কাবিনে সিল থাকত এবং কনের মতামত থাকত "বিবিধ" অংশে, এমন একটি বার্তা লিখছিলেন পঞ্চম তলার প্রবীণ বাসিন্দা আম্মা (৭৫)।

লেখার মাঝপথে তার মনে পড়ে, সমিতি সম্প্রতি একটি বিয়ে পরিচালনা করেছিল। বার্তাটি ষাটজনকে আগেই পাঠানো হয়েছিল।

ব্যানারে সভাপতির ছবি বড়, ভবনের ছোট; ভবন আপত্তি করেনি

বৃহস্পতিবার, ২৯ অক্টোবর ২০২৬ · ১২:৩০

সুখনীড় দিবসের ব্যানার ভবনের ফটকে টানিয়েছেন ভবনের নিরাপত্তাকর্মী। ব্যানারে সভাপতির ছবি বড়, ভবনের ছবি ছোট।

নিরাপত্তাকর্মীর ভাষ্য, ভবন কিছু মনে করেনি।

সুখনীড় দিবসের কেকে সপ্তম তলায় চকলেট, বাকি তলা ভ্যানিলা

শুক্রবার, ৩০ অক্টোবর ২০২৬ · ১২:৩০

সুখনীড় দিবসের কেকের অর্ডার দিয়েছেন ভবনের গৃহকর্মী রহিমা বেগম (৪৫)। কেকটি ভবনের আকৃতির।

সভাপতির নির্দেশে সপ্তম তলায় চকলেট বেশি দেওয়া হয়েছে। বাকি তলাগুলো ভ্যানিলা, কারণ ভ্যানিলা সস্তা।

সম্পাদকীয় ও অন্যান্য

সম্পাদকীয়

জন্মদিন প্রসঙ্গে

সুখনীড় ভবনের একটা জন্মদিন দরকার ছিলো। যে ভবনের জন্মদিন নাই, তার কোনো উৎসব নাই। যার উৎসব নাই, তার কোনো তহবিলের প্রয়োজন হয় না। আমরা চাই না তহবিল অপ্রয়োজনীয় হইয়া পড়ুক।

তারিখ নিয়া কেউ কেউ প্রশ্ন তুলতেছেন। তারিখ একটা হইতেই হয়। কোনো একটা দিন তো কারো না কারো জন্মদিন হবেই। এইবার হইছে।

দলিলের তারিখ খোঁজা হয় নাই। দলিল নিরাপদে আছে। নিরাপদ জিনিস ঘাঁটাঘাঁটি করতে নাই।

উদযাপন চার্জ এককালীন। প্রতি মাসে।

আনোয়ার চৌধুরী
সম্পাদক ও প্রকাশক · সভাপতি, সুখনীড় ফ্ল্যাট ওনার্স কল্যাণ সমিতি

আবহাওয়া

রাতে হালকা শীত। ফ্যান কম চলবে, বিল কমবে। সমিতি বিষয়টি নিয়া কাজ করতেছে।

সংশোধনী

গত সংখ্যায় লেখা হয়েছিল "বিবিধ যথাসময়ে"। বিবিধ নিষ্পত্তি হইয়াছে। যথাসময় এখনো বহাল আছে।

বিজ্ঞাপন ও টু-লেট

- স্বেচ্ছাসেবক আবশ্যক, সুখনীড় দিবসের জন্য। পদ খালি নাই, প্রধান আগেই নিযুক্ত। সদস্য আবশ্যক।
- ভবনের দলিল হারায় নাই। খুঁজিবার প্রয়োজন নাই।
- কবিতা আহ্বান করা হইতেছে, সর্বোচ্চ এক শব্দ।

সব সংখ্যা পড়ুন **sukhnirtower.com**

দৈনিক সুখনীড় সমাচার একটি ব্যঙ্গ রচনা। এটি কোনো বাস্তব সংবাদপত্র নয়। সব চরিত্র, প্রতিষ্ঠান ও ঘটনা কাল্পনিক। ছবিগুলো কম্পিউটারে তৈরি, কোনো বাস্তব ব্যক্তির ছবি নয়।